# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নংঃ ৫৭.১৭.০০০০.২০১.৩১.০০৩.১৭-৬৬৫৭

তারিখঃ ১৫ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নে বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার নিমিত্ত প্রতিষ্ঠান স্থাপনের পূর্বানুমতি/প্রাথমিক পাঠদানের অনুমতি দেওয়া যায় কিনা, এ বিষয়ে বাস্তব সুবিধাদি বোর্ডের নীতিমালা অনুযায়ী সরেজমিনে পরিদর্শন করে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নে বর্ণিত কর্মকর্তাদের নিয়ে পরিদর্শন টিম গঠন করা হল।

পরিদর্শন টিমকে নির্ধারিত সময়ের মধ্যে সুস্পষ্ট মতামতসহ পূর্ণাংগ প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য অনুরোধ করা হল। পরিদর্শনের জন্য বোর্ডের প্রচলিত নিয়মানুসারে টিএ/ডিএ প্রদান করা হবে।

| ক্রঃ নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রার্থিত টেকনোলজি | পরিদশনের বিষয় | পরিদর্শন টিম | প্রতিবেদন দাখিলের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ১. | ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইন্সটিটিউট, গ্রাম/সড়কঃ কৃষ্ণনগর, পোঃ কল্যানীহাট, উপজেলাঃ বীরগঞ্জ, জেলাঃ দিনাজপুর।<br>মৌজাঃ কৃষ্ণনগর, জেএলনংঃ ১৪১, খতিয়ান নংঃ ৩৬৪, দাগ নংঃ ৬০২।<br>মোবাইল নম্বরঃ ০১৭১২৭০০৪১২ | ১. সিভিল<br>২. কম্পিউটার<br>৩. মেকানিক্যাল<br>৪. ইলেকট্রিক্যাল | প্রতিষ্ঠান স্থাপন | ১। অধ্যক্ষ/তাঁর প্রতিনিধি, দিনাজপুর পলিটেকনিক ইন্সটিটিউট, দিনাজপুর।<br>২। চিফ ইন্সট্রাক্টর/ বিভাগীয় প্রধান (ইলেকট্রিক্যাল), দিনাজপুর পলিটেকনিক ইন্সটিটিউট, দিনাজপুর।<br>৩. মোঃ আব্দুল্লাহ আল মাবুদ, বিশেষজ্ঞ (এলএমডি), বাকাশিবো, ঢাকা। | ১৪-১০-২০১৮খ্রিঃ তারিখের মধ্যে |

ক) প্রাথমিক পাঠদানের শর্তসমূহঃ

- নীতিমালা-২০১৭-এর ৪.২.১ ধারা অনুযায়ী প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে নামের সাথে অবশ্যই ব্রাকেটবিহীন 'বেসরকারি' শব্দটি লিখতে হবে।
- প্রতিষ্ঠানের নামে মেট্রোপলিটন/সিটি কর্পোরেশন/পৌর এলাকায় ন্যূনতম অখণ্ড ১০ (দশ) শতাংশ এবং অন্যান্য এলাকায় ন্যূনতম অখণ্ড ১৫ (পনেরো) শতাংশ জমি সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি করতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট রেজিষ্ট্রি অফিসে যোগাযোগ করে জমির দলিল যাচাইপূর্বক ডকুমেন্ট সংযুক্ত করতে হবে।
- স্থাপনের অনুমতি প্রত্রে উল্লেখিত জমির দাগে ভবন নির্মান করা হয়েছে কিনা তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রিকৃত জমির উপর ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের বেসরকারি পর্যায়ে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৭-এর পরিশিষ্ট-১ এ উল্লিখিত প্রশাসনিক, আনুষাঙ্গিক ও টেকনোলজির জন্য প্রযোজ্য আয়তনের ভবন (পাকা/সেমিপাকা) তৈরি করতে হবে। পরবর্তী পর্যায়ে এ জমি ও ভবন অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।
- ট্রাস্ট/সংস্থা পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রেও জমি ও ভবন প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি করে দিতে হবে।
- কোন ক্রমেই ভাড়া বাড়িতে প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনা করা যাবে না।
- সর্বশেষ খাজনা পরিশোধ করার প্রমাণপত্র থাকতে হবে।
- ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণ হলে প্রতিষ্ঠানকে ২০ (বিশ) লক্ষ টাকা নগদে দান করতে হবে এবং তা এফডিআর/সঞ্চয়পত্রে বিনিয়োগ করতে হবে। দান এবং বিনিয়োগের বিষয়টি যাচাইপূর্বক ডকুমেন্ট সংযুক্ত করতে হবে।
- প্রতি টেকনোলজির জন্য অ্যাফিলিয়েশন নীতিমালা অনুযায়ী শ্রেণি কক্ষ, ল্যাব/ওয়ার্কসপসহ অন্যান্য প্রয়োজনীয় অবকাঠামো ও সুযোগ সুবিধা থাকতে হবে। লে-আউট প্ল্যান (কক্ষ ও ল্যাব/ওয়ার্কশপের নামসহ) ডকুমেন্ট হিসেবে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীত টেকনোলজি/টেকনোলজিসমুহের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ল্যাব/ওয়ার্কসপে সজ্জিত থাকতে হবে। যন্ত্রপাতি ক্রয়ের ভাউচার সংযুক্ত করতে হবে।
- প্রয়োজনীয় আসবাবপত্র ও শিক্ষা উপকরণ থাকতে হবে। তালিকা সংযুক্ত করতে হবে।
- সাধারণ তহবিলে ন্যূনতম ৩ (তিন) লক্ষ টাকার স্থিতি এবং সংরক্ষিত তহবিলে ১০ (দশ) লক্ষ টাকার স্থিতি থাকতে হবে। যাচাইপূর্বক ডকুমেন্ট সংযুক্ত করতে হবে।
- বৈধ বিদ্যুৎ সুবিধা থাকতে হবে। সর্বশেষ বিলের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- বোর্ড অনুমোদিত বিদ্যমান অনুরূপ প্রতিষ্ঠান হতে প্রস্তাবিত প্রতিষ্ঠানের মধ্যে শিল্প ও পৌর এলকার ক্ষেত্রে ন্যূনতম ১ (এক) কিলোমিটার এবং অন্যান্য এলাকার জন্য ৩ (তিন) কিলোমিটার দূরত্ব থাকতে হবে। যাচাইপূর্বক যথাযথ কর্তৃপক্ষের প্রদত্ত সনদ সংযুক্ত থাকতে হবে।
- প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা ১ (এক) লক্ষ হতে হবে। আবেদনের সাথে সংশিন্টষ্ট এলাকার ন্যূনতম জনসংখ্যার প্রমাণপত্র (পরিসংখ্যান অফিসার কর্তৃক স্বাক্ষরিত) এবং এলাকার আর্থসামাজিক অবস্থার সংক্ষিপ্ত বর্ণনা দাখিল করতে হবে।

খ) স্থাপনের অনুমতির শর্তসমূহঃ

- নীতিমালা-২০১৭-এর ৪.২.১ ধারা অনুযায়ী প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে নামের সাথে অবশ্যই ব্রাকেটবিহীন 'বেসরকারি' শব্দটি লিখতে হবে।
- প্রস্তাবিত প্রতিষ্ঠানের জন্য একটি নির্বাহী কমিটি থাকতে হবে। ডকুমেন্ট প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- প্রতিষ্ঠানের নামে/কমিটির সদস্যের নামে মেট্রোপলিটন/সিটি কর্পোরেশন/পৌর এলাকায় অখণ্ড-১০ শতাংশ এবং অন্যান্য এলাকায় ন্যূনতম অখণ্ড ১৫ (পনেরো) শতাংশ জমি রেজিষ্ট্রি, নামজারি ও হালনাগাদ খাজনা পরিশোধ থকাতে হবে প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি পেলে উক্ত জমি ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে প্রতিষ্ঠানের নামে রেজিষ্ট্রি ও নামজারি করে দেওয়ার অঙ্গিকারানামা থাকতে হবে। প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রিকৃত জমির উপর ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের বেসরকারি পর্যায়ে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৭-এর পরিশিষ্ট-১ এ উল্লিখিত প্রশাসনিক, আনুষাঙ্গিক ও টেকনোলজির জন্য প্রযোজ্য আয়তনের ভবন (পাকা/সেমিপাকা) তৈরি করতে হবে। পরবর্তী পর্যায়ে এ জমি ও ভবন অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।
- প্রতিষ্ঠান স্থাপনের লক্ষে মেট্রোপলিটন/সিটি কর্পোরেশন/পৌর এলাকায় অখণ্ড-১০ শতাংশ এবং অন্যান্য এলাকায় ন্যূনতম অখণ্ড-১৫ শতাংশ জমি প্রতিষ্ঠানের নামে/নির্বাহী কমিটির সদস্যের নামে থাকতে হবে এবং স্থাপনের অনুমতি পেলে উক্ত জমি প্রতিষ্ঠানের নামে রেজিষ্ট্রিসহ নামজারী করার অঙ্গীকারণামা থাকতে হবে (জমি নির্বাহী সদস্যের নামে থকলে)। এ লক্ষ্যে বাস্তব সুবিধাদি সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ডকুমেন্ট যাচাইপূর্বক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে নূন্যতম ১০ (দশ) লক্ষ টাকা জমা ও চলতি আমানত হিসেবে ৩ (তিন) লক্ষ টাকা জমা থাকতে হবে। টাকা জমা থাকার ডকুমেন্ট হিসেবে ব্যাংকের প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
- প্রতিষ্ঠানের স্থাপনের জন্য উদ্যোক্তা/নির্বাহী সদস্যদের আর্থিক স্বচ্ছলতা থাকতে হবে এবং আর্থিক স্বচ্ছলতার প্রমানপত্র সংযুক্ত করতে হবে।
- প্রতিষ্ঠান স্থাপনের জন্য প্রয়োজনীয় পরিমান অর্থের সংস্থান থাকতে হবে। অর্থ সংস্থানের স্বপক্ষে হালনাগাদ প্রমানপত্র যাচাইপূর্বক সংযুক্ত করতে হবে।
- শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের উপযোগী লে-আউট প্ল্যান থাকতে হবে। ডকুমেন্ট সংযুক্ত করতে হবে।
- উন্নত যোগাযোগ ব্যবস্থা, পানি এবং বিদ্যুৎ সুবিধা থাকতে হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ আক্তারউজ্জামান)
পরিচালক (কারিকুলাম)

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.৩১.০০৩.১৭-৬৬৫৭(৮)

তারিখঃ ৩০/০৯/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলঃ

১। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২। অধ্যক্ষ/তাঁর প্রতিনিধি, দিনাজপুর পলিটেকনিক ইন্সটিটিউট, দিনাজপুর।
৩। চিফ ইন্সট্রাক্টর/বিভাগীয় প্রধান (ইলেকট্রিক্যাল), দিনাজপুর পলিটেকনিক ইন্সটিটিউট, দিনাজপুর।
৪। মোঃ আব্দুল্লাহ আল মাবুদ, বিশেষজ্ঞ (এলএমডি), বাকাশিবো, ঢাকা।
৫। অধ্যক্ষ, ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইন্সটিটিউট, গ্রাম/সড়কঃ কৃষ্ণনগর, পোঃ কল্যানীহাট, উপজেলাঃ বীরগঞ্জ, জেলাঃ দিনাজপুর।
মৌজাঃ কৃষ্ণনগর, জেএলনংঃ ১৪১, খতিয়ান নংঃ ৩৬৪, দাগ নংঃ ৬০২।
৬। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। নথি।

(মোঃ সেলিম মৃধা)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.৩১.০০৩.১৭-৬৭৮৯

তারিখঃ ১৯ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ
০২ মে, ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রাপকঃ

সভাপতি/অধ্যক্ষ
ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইন্সটিটিউট
গ্রাম/সড়ক: কৃষ্ণনগর, পোঃ কল্যানীহাট, উপজেলা: বীরগঞ্জ, জেলা: দিনাজপুর।
মৌজা: কৃষ্ণনগর,জেএলনং:১৪১,খতিয়ান নং:৩৬৪, দাগ নং: ৬০২। মোবাইল নম্বর: ০১৭১২৭০০০৪১২

**বিষয়ঃ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে 'ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইন্সটিটিউট, গ্রাম/সড়ক: কৃষ্ণনগর, পোঃ কল্যানীহাট, উপজেলা: বীরগঞ্জ, জেলা: দিনাজপুর। মৌজা: কৃষ্ণনগর,জেএলনং:১৪১,খতিয়ান নং:৩৬৪, দাগ নং: ৬০২'-এ ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনা নীতিমালার ৬.১ অনুচ্ছেদে বর্ণিত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্বীকৃতি ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এসআরও নং-৫২-আইন/৯৬) অনুসারে পরিদর্শন প্রতিবেদন মূল্যায়নপূর্বক অ্যাফিলিয়েশন কমিটির সুপারিশের প্রেক্ষিতে সর্বোচ্চ ০২ (দুই) বছরের জন্য প্রতিষ্ঠানের নামের ডান পার্শ্বে উল্লেখিত টেকনোলজিসমূহের জন্য প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদান করা হলো। নিম্নে বর্ণিত শর্তগুলো পূরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে চেয়ারম্যান বরাবর প্রাথমিক পাঠদানে প্রাপ্তির নিমিত্তে আবেদন করলে প্রতিষ্ঠানটি সরেজমিনে পুনঃপরিদর্শনের পর সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রতিষ্ঠানটি স্থাপনের অনুমতি প্রাপ্তির পর নির্ধারিত ০২ (দুই) বছরের মধ্যে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনা উপযোগী শর্তপূরনে ব্যর্থ হলে প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি সয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

| জমির বিবরণসহ স্থাপনের অনুমতি প্রাপ্তির সুপারিশকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | টেকনোলজিসমূহ |
|---|---|
| ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইন্সটিটিউট, গ্রাম/সড়ক: কৃষ্ণনগর, পোঃ কল্যানীহাট, উপজেলা: বীরগঞ্জ, জেলা: দিনাজপুর। মৌজা: কৃষ্ণনগর,জেএলনং:১৪১,খতিয়ান নং:৩৬৪, দাগ নং: ৬০২।<br>মোবাইল নম্বর: ০১৭১২৭০০০৪১২ | ১. কম্পিউটার<br>২. ইলেকট্রিক্যাল |

শর্তাবলিঃ

১. স্থাপনের অনুমতির জন্য আবেদনের সময় প্রদত্ত সকল অঙ্গীকারনামাসহ প্রযোজ্য শর্তাবলি পূরণ করতে হবে।
২. স্থাপনের আবেদনের সময় প্রতিষ্ঠানের জন্য প্রদর্শিত জমি প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি করতে হবে। এ ক্ষেত্রে শর্তাবলীতে উল্লেখিত ০৩-এর শর্ত প্রযোজ্য হবে।
৩. প্রতিষ্ঠানের নামে মেট্রোপলিটন/সিটি কর্পোরেশন/পৌর এলাকায় ন্যূনতম অখন্ড ১০ (দশ) শতাংশ এবং অন্যান্য এলাকায় ন্যূনতম অখন্ড ১৫ (পনের) শতাংশ জমি সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি করতে হবে।
৪. প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রিকৃত জমির উপর ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের বেসরকারি পর্যায়ে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৮-এর পরিশিষ্ট-০৭ এ উল্লিখিত প্রশাসনিক, আনুষাঙ্গিক ও টেকনোলজির জন্য প্রযোজ্য আয়তনের ভবন (পাকা/সেমিপাকা) তৈরি করতে হবে। পরবর্তী পর্যায়ে এ জমি ও ভবন বন্ধক রেখে কোন প্রকার ঋণ গ্রহণ করা যাবে না এবং এ জমি অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।
৫. আনুপাতিক হারে জমিসহ প্রতিষ্ঠানের নামে একই ভবনে পাশাপাশি/উপর-নিচে পরিশিষ্ট-৭ অনুযায়ী সংশ্লিষ্ট টেকনোলজির বিপরীতে প্রয়োজনীয় ল্যাব ও ক্লাসরুমসহ নুন্যতম ১২,০০০ (বার হাজার) বর্গফুট ফ্লোর স্পেস (২টি টেকনোলজির জন্য) নির্মাণ/ক্রয় করে প্রতিষ্ঠান করা যাবে। ০২ (দুই) এর অধিক টেকনোলজি হলে ১২,০০০ (বার হাজার) বর্গফুট ফ্লোর স্পেসের সাথে পরিশিষ্ট-৭ অনুযায়ী সংশ্লিষ্ট টেকনোলজির বিপরীতে ল্যাব ও ক্লাসরুমসহ প্রয়োজনীয় ফ্লোরস্পেস থাকতে হবে। ভারী যন্ত্রপাতি সম্বলিত টেকনোলজিসমূহ নিচতলায় এবং হালকা যন্ত্রপাতি সম্বলিত টেকনোলজিসমূহ উপরতলায় পরিচালনা করতে হবে।
৬. ট্রাস্ট/সংস্থা পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রেও জমি ও ভবন প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি করে দিতে হবে।
৭. কোন ক্রমেই ভাড়া বাড়িতে প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনা করা যাবে না।
৮. প্রতিষ্ঠানের নিজস্ব জমির উপর পরিশিষ্ট-৭ এ উল্লিখিত ভৌত অবকাঠামো থাকতে হবে। কোন অবস্থাতেই নিজস্ব জমির উপর ভৌত অবকাঠামো ছাড়া অন্য কোন জায়গার ভৌত অবকাঠামো বিবেচনায় আনা যাবে না।
৯. প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্ত জমির দলিলের ঠিকানা এবং প্রাথমিক পাঠদানের আবেদনের সময় দাখিলকৃত জমির দলিলের ঠিকানা ও প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর ঠিকানা একই হতে হবে।
১০. পাঠদানের অনুমতির জন্য পরিশিষ্ট-৮ অনুযায়ী টেকনোলজিভিত্তিক যন্ত্রপাতির তালিকা, প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট এবং ফার্স্ট এইড বক্স (প্রাথমিক চিকিৎসা উপকরণ), ফায়ার এস্টিংগুইসার (অগ্নিনির্বাপক যন্ত্র) থাকতে হবে।
১১. প্রতিষ্ঠানের নামে বৈধ থ্রি ফেজ লাইন বিদ্যুৎ সংযোগ অবশ্যই থাকতে হবে।
১২. পরিশিষ্ট-১১ এ উল্লিখিত আসবাবপত্র ও শিক্ষা উপকরণ থাকতে হবে।
১৩. প্রতিষ্ঠানের নামের জমির হালনাগাদ খাজনা পরিশোধ করার প্রমাণপত্র থাকতে হবে।
১৪. প্রতিষ্ঠানের নামে চলতি আমানত হিসেবে কোনো তপশিলি ব্যাংকে ন্যূনতম ০৩ (তিন) লক্ষ টাকা জমা থাকতে হবে।
১৫. প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ১০ (দশ) লক্ষ টাকা এবং ব্যক্তির নামে নামকরণের ক্ষেত্রে ১০ (দশ) লক্ষ টাকা স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগ করতে হবে। অর্থাৎ ব্যক্তির নামে প্রতিষ্ঠানের করণের ক্ষেত্রে মোট ২০ (বিশ) লক্ষ টাকা স্থায়ী আমানতে বিনিয়োগ করতে হবে। বিনিয়োগকৃত আমানতের লভ্যাংশ প্রতিষ্ঠানের উন্নয়ন কাজে ব্যয় করা যাবে। দানকৃত জমির মূল্য দেখিয়ে বা উন্নয়ন কাজের ভাউচারের মাধ্যমে ব্যয় দেখিয়ে ব্যক্তি নামে নামকরণ করা যাবেনা। সংস্থা পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংস্থার বাৎসরিক অডিট রিপোর্ট থাকতে হবে। বোর্ডের অনুমোদন ছাড়া সংরক্ষিত তহবিলের টাকা কোনো অবস্থাতেই উত্তোলন ও ব্যয় করা যাবেনা।

শর্তাবলিঃ

১. স্থাপনের অনুমতির জন্য আবেদনের সময় প্রদত্ত সকল অঙ্গীকারনামাসহ প্রযোজ্য শর্তাবলি পূরণ করতে হবে।
২. স্থাপনের আবেদনের সময় প্রতিষ্ঠানের জন্য প্রদর্শিত জমি প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি করতে হবে। এ ক্ষেত্রে শর্তাবলীতে উল্লেখিত ০৩-এর শর্ত প্রযোজ্য হবে।
৩. প্রতিষ্ঠানের নামে মেট্রোপলিটন/সিটি কর্পোরেশন/পৌর এলাকায় ন্যূনতম অখন্ড ১০ (দশ) শতাংশ এবং অন্যান্য এলাকায় ন্যূনতম অখন্ড ১৫ (পনের) শতাংশ জমি সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি করতে হবে।
৪. প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রিকৃত জমির উপর ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের বেসরকারি পর্যায়ে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৮-এর পরিশিষ্ট-০৭ এ উল্লিখিত প্রশাসনিক, আনুষাঙ্গিক ও টেকনোলজির জন্য প্রযোজ্য আয়তনের ভবন (পাকা/সেমিপাকা) তৈরি করতে হবে। পরবর্তী পর্যায়ে এ জমি ও ভবন বন্ধক রেখে কোন প্রকার ঋণ গ্রহণ করা যাবে না এবং এ জমি অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।
৫. আনুপাতিক হারে জমিসহ প্রতিষ্ঠানের নামে একই ভবনে পাশাপাশি/উপর-নিচে পরিশিষ্ট-৭ অনুযায়ী সংশ্লিষ্ট টেকনোলজির বিপরীতে প্রয়োজনীয় ল্যাব ও ক্লাসরুমসহ নুন্যতম ১২,০০০ (বার হাজার) বর্গফুট ফ্লোর স্পেস (২টি টেকনোলজির জন্য) নির্মাণ/ক্রয় করে প্রতিষ্ঠান করা যাবে। ০২ (দুই) এর অধিক টেকনোলজি হলে ১২,০০০ (বার হাজার) বর্গফুট ফ্লোর স্পেসের সাথে পরিশিষ্ট-৭ অনুযায়ী সংশ্লিষ্ট টেকনোলজির বিপরীতে ল্যাব ও ক্লাসরুমসহ প্রয়োজনীয় ফ্লোরস্পেস থাকতে হবে। ভারী যন্ত্রপাতি সম্বলিত টেকনোলজিসমূহ নিচতলায় এবং হালকা যন্ত্রপাতি সম্বলিত টেকনোলজিসমূহ উপরতলায় পরিচালনা করতে হবে।
৬. ট্রাস্ট/সংস্থা পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রেও জমি ও ভবন প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি করে দিতে হবে।
৭. কোন ক্রমেই ভাড়া বাড়িতে প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনা করা যাবে না।
৮. প্রতিষ্ঠানের নিজস্ব জমির উপর পরিশিষ্ট-৭ এ উল্লিখিত ভৌত অবকাঠামো থাকতে হবে। কোন অবস্থাতেই নিজস্ব জমির উপর ভৌত অবকাঠামো ছাড়া অন্য কোন জায়গার ভৌত অবকাঠামো বিবেচনায় আনা যাবে না।
৯. প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্ত জমির দলিলের ঠিকানা এবং প্রাথমিক পাঠদানের আবেদনের সময় দাখিলকৃত জমির দলিলের ঠিকানা ও প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর ঠিকানা একই হতে হবে।
১০. পাঠদানের অনুমতির জন্য পরিশিষ্ট-৮ অনুযায়ী টেকনোলজিভিত্তিক যন্ত্রপাতির তালিকা, প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট এবং ফার্স্ট এইড বক্স (প্রাথমিক চিকিৎসা উপকরণ), ফায়ার এস্টিংগুইসার (অগ্নিনির্বাপক যন্ত্র) থাকতে হবে।
১১. প্রতিষ্ঠানের নামে বৈধ থ্রি ফেজ লাইন বিদ্যুৎ সংযোগ অবশ্যই থাকতে হবে।
১২. পরিশিষ্ট-১১ এ উল্লিখিত আসবাবপত্র ও শিক্ষা উপকরণ থাকতে হবে।
১৩. প্রতিষ্ঠানের নামের জমির হালনাগাদ খাজনা পরিশোধ করার প্রমাণপত্র থাকতে হবে।
১৪. প্রতিষ্ঠানের নামে চলতি আমানত হিসেবে কোনো তপশিলি ব্যাংকে ন্যূনতম ০৩ (তিন) লক্ষ টাকা জমা থাকতে হবে।
১৫. প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ১০ (দশ) লক্ষ টাকা এবং ব্যক্তির নামে নামকরণের ক্ষেত্রে ১০ (দশ) লক্ষ টাকা স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগ করতে হবে। অর্থাৎ ব্যক্তির নামে প্রতিষ্ঠানের করণের ক্ষেত্রে মোট ২০ (বিশ) লক্ষ টাকা স্থায়ী আমানতে বিনিয়োগ করতে হবে। বিনিয়োগকৃত আমানতের লভ্যাংশ প্রতিষ্ঠানের উন্নয়ন কাজে ব্যয় করা যাবে। দানকৃত জমির মূল্য দেখিয়ে বা উন্নয়ন কাজের ভাউচারের মাধ্যমে ব্যয় দেখিয়ে ব্যক্তি নামে নামকরণ করা যাবেনা। সংস্থা পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংস্থার বাৎসরিক অডিট রিপোর্ট থাকতে হবে। বোর্ডের অনুমোদন ছাড়া সংরক্ষিত তহবিলের টাকা কোনো অবস্থাতেই উত্তোলন ও ব্যয় করা যাবেনা।
১৬. শিক্ষা উপকরণ ও আসবাবপত্র ক্রয় করতে হবে এবং ক্রয়ের রশিদ থাকতে হবে।
১৭. টেকনোলজী অনুযায়ী ল্যাব/ওয়ার্কসপগুলো যন্ত্রপাতি দ্বারা সুসজ্জিত করতে হবে।
১৮. প্রতিষ্ঠানের শ্রেণিকক্ষ, ল্যাবরেটরি ও ওয়ার্কসপগুলো সুবিন্যস্ত করে পরিমাপসহ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদিত লে-আউট প্ল্যান দেখাতে হবে।
১৯. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ (এস আর ও নং ২৬৭-আইন/২০০৯) অনুযায়ী পাঠদান প্রাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে একটি সাংগঠনিক কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে। এ কমিটির মেয়াদ হবে তার প্রথম সভার তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর। পরবর্তীতে ব্যবস্থাপনা কমিটি গঠন করা হবে।
২০. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত জনবল কাঠামো অনুসারে বেসরকারি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক/কর্মচারী নিয়োগ করতে হবে। সময় সময় সরকার কর্তৃক জারীকৃত আদেশাবলি প্রযোজ্য

হবে। প্রতিষ্ঠানটি এম.পি.ও. ভূক্ত না হলেও একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে জনবল কাঠামো অনুসারে যোগ্য শিক্ষক-কর্মচারী নিয়োগ করতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে বেতন-ভাতাদি প্রদান করতে হবে। কোনোভাবেই সরকারের এম.পি.ও. দাবি করা যাবে না।

২১. এ নীতিমালার আওতায় প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি ব্যতিরেকে কোনো প্রতিষ্ঠান স্থাপন কিংবা শিক্ষাক্রম পরিচালনা করা যাবে না। প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি ব্যতিরেকে কোন প্রতিষ্ঠান স্থাপন কিংবা শিক্ষাক্রম পরিচালনা করা হলে সেসব প্রতিষ্ঠানকে কোনো অবস্থায়ই পাঠদানের অনুমতি প্রদান করা হবে না।

২২. পরিশিষ্ট-১০ এ উল্লিখিত বই সম্বলিত লাইব্রেরি থাকতে হবে।

২৩. ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার জন্য স্বীকৃতি প্রদানের নীতিমালায় বর্ণিত প্রতিষ্ঠান স্থাপনের ও পাঠদানের অন্যান্য শর্তাদি পূরণ করতে হবে।

২৪. ইন্টারনেট সংযোগসহ কমপক্ষে ২০টি কম্পিউটার সম্বলিত ল্যাব থাকতে হবে।

২৫. স্থাপনের অনুমতি প্রাপ্তির পর পাঠদান অনুমোদন প্রক্রিয়ার উপরে বর্ণিত শর্তাবলীসহ প্রযোজ্য অন্যান্য সকল শর্তাবলী পূরনের পর পাঠদানের আবেদন করলে বাছাই কমিটি কর্তৃক আবেদন প্রাথমিকভাবে নির্বাচিত হওয়া সাপেক্ষে বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে পাঠদানের পরিদর্শন ফি প্রদানকারী প্রতিষ্ঠানকে পরিদর্শনের নিমিত্তে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে পরিদর্শন টিম গঠনপূর্বক পাঠদানের পরিদর্শনের জন্য প্রেরণ করা হবে এবং পরিদর্শন টিম সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিষ্ঠানের নীতিমালার আলোকে ভৌত অবকাঠামো, যন্ত্রপাতি এবং প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত প্রয়োজনীয় তথ্যাদি ও নথি পত্রের যথার্থতা নিরুপণসহ সন্তোষজনক পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে তা পাঠদানের অনুমোদন কমিটির মিটিংয়ে উপস্থাপন করা হবে এবং পাঠদান অনুমোদন কমিটি কর্তৃক সুপারিশের প্রেক্ষিতে পরবর্তি কার্যক্রমের নির্দেশনা প্রদান করা হবে।

২৬. প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদানের পর প্রস্তাবিত প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত দূরত্ব সনদে কোন অনিয়ম পাওয়া গেলে প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি সংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

২৭. প্রতিষ্ঠানের নামে দাখিলকৃত জমির দলিল ও নামজারির রেকর্ডপত্র এবং সংরক্ষিত তহবিলসহ অন্যান্য যে সমস্ত তথ্য সম্বলিত কাগজপত্র ইতিমধ্যে বোর্ডে জমা দেওয়া হয়েছে অথবা জমা হয়েছে পরবর্তিতে সেগুলো সঠিক প্রমাণিত না হলে এবং যে কোন প্রকার প্রতারণার আশ্রয় নিলে এবং উল্লেখিত যেকোন শর্ত/শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি সংক্রিয়ভাবে বাতিল বলে গন্য হবে।

বিঃদ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তাবিত প্রতিষ্ঠানকে শিক্ষাক্রম পরিচালনা উপযোগী করার লক্ষে প্রতিষ্ঠানের জমি/অবকাঠামো, রেজিস্ট্রেশনসহ নামজারী, যন্ত্রপাতি এবং নীতিমালা অনুসারে অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিত করে বোর্ডকে অবহিত করতে হবে। স্থাপনের অনুমতিপত্র জারির তারিখ হতে সর্বোচ্চ ০২ (দুই) বছরের মধ্যে বর্ণিত টেকনোলজিসমূহের শিক্ষাক্রম পরিচালনা উপযোগী করতে বা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্তির প্রযোজ্য যে কোন শর্তপূরণে ব্যর্থ হলে প্রতিষ্ঠান স্থাপনের নির্ধারিত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
(ড. মোঃ নুরুল ইসলাম)
পরিচালক (কারিকুলাম)
ফোন: ০২-৯১৪০৬৪৬

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.৩১.০০৩.১৭-৬৭৮৯(৪) তারিখঃ ০২/০৫/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব (কারিগরি) ।]
২। সভাপতি, ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইন্সটিটিউট
গ্রাম/সড়ক: কৃষ্ণনগর, পো: কল্যানীহাট, উপজেলা: বীরগঞ্জ, জেলা: দিনাজপুর।
মৌজা: কৃষ্ণনগর,জেএলনং:১৪১,খতিয়ান নং:৩৬৪, দাগ নং: ৬০২।
৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। নথি।

০২.০৫.১৯
(প্রকৌশলী মোঃ ফারুক রেজা)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৯১২৫৩৬৫

২/৭

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০৪.২০.০৬০

তারিখঃ ১১ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
২৫ মে, ২০২১ খ্রি.

প্রাপকঃ

পরিচালক/সভাপতি/অধ্যক্ষ
ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি
গ্রামঃ কৃষ্ণনগর, পোঃ কল্যাণীহাট, উপজেলাঃ বীরগঞ্জ, জেলাঃ দিনাজপুর।
মৌজাঃ কৃষ্ণনগর, জে এল নং-১৪১, খতিয়ান নং-৩৬৪, দাগ নং-৬০২।

বিষয়ঃ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের প্রতিষ্ঠান স্থাপনের পূর্বানুমতির মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও কোভিড-১৯ অতিমারির কারণে স্থাপনের অনুমতি পত্র জারির পর নির্দিষ্ট সময়ের মধ্যে শিক্ষা কার্যক্রম পরিচালনা উপযোগী করতে না পাড়ায় প্রতিষ্ঠানটির সভাপতি মহোদয়ের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি, গ্রামঃ কৃষ্ণনগর, পোঃ কল্যাণীহাট, উপজেলাঃ বীরগঞ্জ, জেলাঃ দিনাজপুর, মৌজাঃ কৃষ্ণনগর, জে এল নং-১৪১, খতিয়ান নং-৩৬৪, দাগ প্রতিষ্ঠানটি স্থাপনের পূর্বানুমতির মেয়াদ ০২-০৫-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। উল্লেখ্য থাকে যে, স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.৩১.০০৩.১৭-৬৭৮৯, তারিখঃ ০২/০৫/২০১৯খ্রিঃ-মোতাবেক প্রতিষ্ঠান স্থাপনের পূর্বানুমতি প্রদানকালে দেয়া শর্তসমূহ বহাল থাকবে।

২৫/৫/২১

(প্রকৌশলী ফরিদ উদ্দিন আহম্মেদ)
পরিচালক (কারিকুলাম)

স্মারক নংঃ ৫৭.১৭.০০০০.২০১.০৪.২০.০৬০

তারিখঃ ২৫/০৫/২০২১খ্রিঃ

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

১। জেলা প্রশাসক, দিনাজপুর।
২। পরিচালক/সভাপতি/অধড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি
গ্রামঃ কৃষ্ণনগর, পোঃ কল্যাণীহাট, উপজেলাঃ বীরগঞ্জ, জেলাঃ দিনাজপুর।
৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। নথি।

২৫/০৫/২০২১

রুপক কান্তি বিশ্বাস
কারিকুলাম বিশেষজ্ঞ(ডিপ্লোমা)
ফোনঃ ০২৫৫০০৬৫৪০

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক: ৫৭.১৭.০০০০.৪০১.৬৩.০০১.২২.১৪৭/৬০৪৮ তারিখ: ১৭-০৮-২০২২

বিষয়: ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের প্রতিষ্ঠান স্থাপনের মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও কোভিড-১৯ অতিমারির কারণে স্থাপনের অনুমতি পত্র জারির পর নির্দিষ্ট সময়ের মধ্যে শিক্ষা কার্যক্রম পরিচালনার উপযোগী করতে না পাড়ায় প্রতিষ্ঠানটির সভাপতি মহোদয়ের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, গ্রাম/সড়ক: কৃষ্ণনগর, পোঃ কল্যানীহাট, উপজেলা/থানা: বীরগঞ্জ, জেলাঃ দিনাজপুর, মৌজা: কৃষ্ণনগর, জেএল নং ১৪১, খতিয়ান নং ৩৬৪, দাগ নং ৬০২ প্রতিষ্ঠানটি স্থাপনের মেয়াদ ৩০-০৬-২০২৩ পর্যন্ত (এক বছর) বৃদ্ধি করা হলো। উল্লেখ্য থাকে যে, স্মারক নং ৫৭.১৭.০০০০.২০১.৩১.০০৩.১৭-৬৭৮৯ তারিখ: ০২ মে ২০১৯ মোতাবেক প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদানকালে দেয়া শর্তসমূহ বহাল থাকবে।

১৭।০৮।২২

(প্রকৌ. মো: খালেদ হোসেন)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ/পরিচালক
ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট
(প্রস্তাবিত)
গ্রাম/সড়ক: কৃষ্ণনগর, পোঃ কল্যানীহাট, উপজেলা/থানা: বীরগঞ্জ,
জেলাঃ দিনাজপুর, মৌজা: কৃষ্ণনগর, জেএল নং ১৪১, খতিয়ান
নং ৩৬৪, দাগ নং ৬০২

স্মারক: ৫৭.১৭.০০০০.৪০১.৬৩.০০১.২২.১৪৭/৬০৪৮ তারিখ: ১৭-০৮-২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২. উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর।
৩. পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. সভাপতি, ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট (প্রস্তাবিত) গ্রাম/সড়ক: কৃষ্ণনগর, পোঃ কল্যানীহাট, উপজেলা/থানা: বীরগঞ্জ, জেলাঃ দিনাজপুর, মৌজা: কৃষ্ণনগর, জেএল নং ১৪১, খতিয়ান নং ৩৬৪, দাগ নং ৬০২
৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সংরক্ষণ নথি।

১৭।০৮।২২

(প্রকৌ. মো: শাখাওয়াত হাসান)
উপপরিদর্শক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩৫

| শিক্ষা নিয়ে গড়ব দেশ<br>শেখ হাসিনার বাংলাদেশ। | | একটাই লক্ষ্য<br>হতে হবে দক্ষ। |
|---|---|---|

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক: ৫৭.১৭.০০০০.৪০১.৬৩.০০১.২৩.৫০৮/৮১৫১ তারিখ: ০৮-১১-২০২৩ খ্রি.

বিষয়: বেসরকারি কারিগরি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে স্থাপনের মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও কোভিড-১৯ অতিমারির কারণে স্থাপনের অনুমতি পত্র জারির পর নির্দিষ্ট সময়ের মধ্যে শিক্ষা কার্যক্রম পরিচালনার উপযোগী করতে না পারায় প্রতিষ্ঠানটির সভাপতি মহোদয়ের আবেদনের প্রেক্ষিতে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, গ্রাম/সড়ক: কৃষ্ণনগর, পোঃ কল্যানীহাট, উপজেলা/থানা: বীরগঞ্জ, জেলাঃ দিনাজপুর, মৌজা: কৃষ্ণনগর, জেএল নং ১৪১, খতিয়ান নং ৩৬৪, দাগ নং ৬০২ প্রতিষ্ঠানটি স্থাপনের মেয়াদ ৩১-১২-২০২৩ খ্রি. পর্যন্ত শেষ বারের মত বৃদ্ধি করা হলো। উল্লেখ্য থাকে যে, স্মারক নং ৫৭.১৭.০০০০.২০১.৩১.০০৩.১৭-৬৭৮৯; তারিখ: ০২ মে ২০১৯ মোতাবেক প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদানকালে দেয়া শর্তসমূহ বহাল থাকবে।

অধ্যক্ষ/পরিচালক
ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট (প্রস্তাবিত)
গ্রাম/সড়ক: কৃষ্ণনগর, পোঃ কল্যানীহাট
উপজেলা/থানা: বীরগঞ্জ, জেলাঃ দিনাজপুর।

(প্রকৌ. বি. এম. আমিনুল ইসলাম)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক: ৫৭.১৭.০০০০.৪০১.৬৩.০০১.২৩.৫০৮/৮১৫১ তারিখ: ০৮-১১-২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে না'ও হতে পারে):

১. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২. উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর।
৩. পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. সভাপতি, ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট (প্রস্তাবিত)
গ্রাম/সড়ক: কৃষ্ণনগর, পোঃ কল্যানীহাট, উপজেলা/থানা: বীরগঞ্জ, জেলাঃ দিনাজপুর।
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সংরক্ষণ নথি।

(ড. ইন্দ্রানী ধর)
উপপরিদর্শক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩৫

| শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ |
|---|

| একটাই লক্ষ্য হতে হবে দক্ষ |
|---|

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক: ৫৭.১৭.০০০০.৪০১.৬২.০০১.২৩.৫৩০/ ৮৩৬৯ তারিখ: ০৩-১২-২০২৩ খ্রি.

## অফিস আদেশ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার নিমিত্তে প্রতিষ্ঠানে প্রাথমিক পাঠদানের অনুমতি দেওয়া যায় কিনা, এ বিষয়ে বাস্তব সুবিধাদি বোর্ডের নীতিমালা-২০২০ অনুযায়ী সরেজমিনে পরিদর্শন করে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা নিয়ে "পরিদর্শন" টিম গঠন করা হল। পরিদর্শনকারী কর্মকর্তাকে নির্ধারিত সময়ের মধ্যে সুস্পষ্ট মতামতসহ পূর্ণাংঙ্গ প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য অনুরোধ করা হল। পরিদর্শনের জন্য বোর্ডের প্রচলিত নিয়মানুসারে টিএ/ডিএ প্রাপ্য হবেন।

| ক্র: নং | প্রস্তাবিত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | শিক্ষাক্রমের নাম | পরিদর্শনের বিষয় ও প্রার্থিত টেকনোলজি | পরিদর্শন টিম (জ্যেষ্ঠতার ভিত্তিতে না'ও হতে পারে) | পরিদর্শনের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট<br>গ্রাম/সড়ক: কৃষ্ণনগর<br>পো: কল্যানীহাট<br>উপজেলা/থানা: বীরগঞ্জ<br>জেলা: দিনাজপুর।<br>মোবাইল: ০১৭১২-৭০০৪১২<br>মৌজা: কৃষ্ণনগর<br>জেএল নং ১৪১,খতিয়ান নং ৩৬৪<br>দাগ নং ৬০২ | ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং | প্রাথমিক পাঠদান<br><br>১. কম্পিউটার<br>২. ইলেকট্রিক্যাল | ১। অধ্যক্ষ/তাঁর প্রতিনিধি<br>দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট, দিনাজপুর।<br><br>২। মোঃ খোরশেদ আলম<br>উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।<br><br>৩। চীফ ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল)<br>দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট, দিনাজপুর। | ৩১-১২-২০২৩ খ্রি. |

**পাঠদানের অনুমোদন প্রাপ্তির শর্তসমূহ:**

- প্রতিষ্ঠানের নামে জমির সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি/আনুপাতিক হারে জমিসহ প্রতিষ্ঠানের নামে উক্ত উদ্দেশ্যে নির্মিত ফ্লোরস্পেস ক্রয়/প্রতিষ্ঠানের নামে উক্ত উদ্দেশ্যে নির্মিত ভাড়াকৃত ভবন (যে কোন একটি শর্ত পূরণ করতে হবে);
- প্রতিষ্ঠানের নামে ৪.১ (ঙ) অনুচ্ছেদে উল্লিখিত পরিমাণ জমি সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি করতে হবে। প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রিকৃত জমির উপর পরিশিষ্ট ০৭ এ উল্লিখিত প্রশাসনিক, আনুষঙ্গিক ও টেকনোলজির জন্য প্রযোজ্য আয়তনের ভবন (পাকা/সেমিপাকা) তৈরি করতে হবে। পরবর্তী পর্যায়ে এ জমি ও ভবন বন্ধক রেখে কোনো প্রকার ঋণ গ্রহণ করা যাবেনা এবং এ জমি ও ভবন অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা যাবেনা। ট্রাস্ট/সংস্থা পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে জমি ও ভবন প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি করে দিতে হবে।

  অথবা

  আনুপাতিক হারে জমিসহ প্রতিষ্ঠানের নামে একই ভবনে পাশাপাশি/উপর-নিচে ন্যূনতম ১০,০০০ (দশ হাজার) বর্গফুট ফ্লোর (২টি টেকনোলজির জন্য) নির্মাণ/ক্রয় করে প্রতিষ্ঠান করা যাবে। ০২ (দুই) এর অধিক টেকনোলজি হলে পরিশিষ্ট ০৭ ও ০৮ অনুযায়ী সংশ্লিষ্ট টেকনোলজির বিপরীতে ফ্লোরস্পেস, ল্যাব ও ক্লাসরুম থাকতে হবে। ভারী যন্ত্রপাতি সংবলিত টেকনোলজিসমূহ নিচতলায় এবং হালকা যন্ত্রপাতি সংবলিত টেকনোলজিসমূহ উপরতলায় পরিচালনা করতে হবে।

  অথবা

  প্রতিষ্ঠানের নামে একই/পাশাপাশি ভবনে উপর-নিচে, ডানে-বামে ন্যূনতম ১০,০০০ (দশ হাজার) বর্গফুট আয়তনের ফ্লোরস্পেস (২টি টেকনোলজির জন্য) ৫ (পাঁচ) বছরের চুক্তিনামাসহ উক্ত উদ্দেশ্যে নির্মিত ভাড়াকৃত ভবন থাকতে হবে। ০২ (দুই) এর অধিক টেকনোলজি হলে পরিশিষ্ট-০৭ ও ০৮ অনুযায়ী সংশ্লিষ্ট টেকনোলজির বিপরীতে ফ্লোরস্পেস, ল্যাব ও ক্লাসরুম থাকতে হবে। ভারী যন্ত্রপাতি সংবলিত টেকনোলজিসমূহ নিচতলায় এবং হালকা যন্ত্রপাতি সংবলিত টেকনোলজিসমূহ উপরতলায় পরিচালনা করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ ০৭ (সাত) বছরের মধ্যে নিজস্ব জমিতে প্রতিষ্ঠান স্থানান্তরের জন্য ৩০০.০০ (তিন শত) টাকা বা সরকার নির্ধারিত হারে নন-জুডিসিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-০৪ অনুযায়ী অঙ্গীকারনামা প্রদান করতে হবে। সর্বোচ্চ ০৭(সাত) বছরের মধ্যে নিজস্ব জমিতে স্থানান্তরে ব্যর্থ প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি বাতিল বলে গণ্য হবে।
- প্রস্তাবিত প্রতিষ্ঠানের নিজস্ব জমির উপর অথবা আনুপাতিক হারে জমিসহ উক্ত উদ্দেশ্যে নির্মিত ক্রয়কৃত ফ্লোরস্পেস অথবা ভাড়াকৃত ভবনে পরিশিষ্ট-০৭ এ উল্লিখিত ভৌত অবকাঠামো থাকতে হবে।
- পাঠদানের অনুমতির জন্য আবেদনের সাথে পরিশিষ্ট-০৮ অনুযায়ী টেকনোলজিভিত্তিক যন্ত্রপাতির তালিকা, প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট চালু এবং প্রাথমিক চিকিৎসা উপকরণ (ফার্স্ট এইড বক্স), অগ্নিনির্বাপক যন্ত্র (ফায়ার এস্টিংগুইসার) থাকার প্রমানক সংযুক্ত করতে হবে।
- নিজস্ব জমিতে প্রতিষ্ঠান হলে/আনুপাতিক হারে জমিসহ ক্রয়কৃত ফ্লোরস্পেস হলে প্রতিষ্ঠানের নামে বৈধ থ্রি ফেজ লাইন বিদ্যুৎ সংযোগ এবং ভাড়াকৃত ভবনে প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের প্রদর্শিত ঠিকানায় বৈধ থ্রি ফেজ লাইন বিদ্যুৎ সংযোগ অবশ্যই থাকতে হবে। আবেদনের সাথে বিদ্যুৎ সংযোগের প্রমাণপত্র হিসেবে প্রতিষ্ঠানের নামে হালনাগাদ বিদ্যুৎ বিল/ভাড়াকৃত ভবনে প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের প্রদর্শিত ঠিকানা সংবলিত বিদ্যুৎ বিল পরিশোধের হালনাগাদ কপি দাখিল করতে হবে।

- পরিশিষ্ট-১১-তে উল্লিখিত আসবাবপত্র ও শিক্ষা উপকরণ থাকতে হবে।
- বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ (এসআরও নং-২৬৭-আইন/২০০৯) অনুযায়ী পাঠদানের অনুমতি প্রাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে একটি সাংগঠনিক কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে। এ কমিটির মেয়াদ হবে তার প্রথম সভার তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর। পরবর্তীকালে নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠন করতে হবে।
- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত জনবল কাঠামো অনুসারে বেসরকারি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক/কর্মচারী নিয়োগ করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট সরকারি আদেশ প্রযোজ্য হবে। প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত না হলেও একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে জনবল কাঠামো অনুসারে যোগ্য শিক্ষক-কর্মচারী নিয়োগ করতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে বেতন-ভাতাদি প্রদান করতে হবে। কোনোভাবেই সরকারের এমপিও দাবি করা যাবে না।
- এ নীতিমালার আওতায় প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি ব্যতিরেকে কোনো প্রতিষ্ঠান স্থাপন কিংবা শিক্ষাক্রম পরিচালনা করা যাবে না। প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি ব্যতিরেকে কোনো প্রতিষ্ঠান স্থাপন কিংবা শিক্ষাক্রম পরিচালনা করা হলে সেসব প্রতিষ্ঠানকে কোনো অবস্থায়ই পাঠদানের অনুমতি প্রদান করা যাবে না। পাঠদানের আবেদনের সাথে প্রতিষ্ঠান স্থাপনের অনুমোদনের কপি সংযুক্ত করতে হবে।
- প্রতিষ্ঠানে পরিশিষ্ট-১০-এ উল্লিখিত বই সংবলিত লাইব্রেরি থাকতে হবে।
- প্রতিষ্ঠানের নামে চলতি আমানত হিসেবে কোনো তফসিলি ব্যাংকে ন্যূনতম ৩,০০০০০ (তিন লক্ষ) টাকা জমা থাকতে হবে। আবেদনপত্রের সাথে ব্যাংকের হালনাগাদ প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
- প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগ করতে হবে। তবে ব্যক্তির নামে নতুন প্রতিষ্ঠান স্থাপনের ক্ষেত্রে আলাদাভাবে অতিরিক্ত কোনো টাকা আমানত হিসেবে রাখার প্রয়োজন নেই। কিন্তু পূর্বে প্রতিষ্ঠিত কোনো প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করে ব্যক্তির নামে নামকরণের ক্ষেত্রে অতিরিক্ত ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা স্থায়ী আমানত হিসেবে প্রতিষ্ঠানের নামে বিনিয়োগ করতে হবে। অর্থাৎ পূর্বে প্রতিষ্ঠিত কোনো প্রতিষ্ঠানের নাম ব্যক্তির নামে পরিবর্তনের ক্ষেত্রে মোট ২০,০০,০০০ (বিশ লক্ষ) টাকা স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগ করতে হবে। বিনিয়োগকৃত আমানতের লভ্যাংশ প্রতিষ্ঠানের উন্নয়ন কাজে ব্যয় করা যাবে। দানকৃত জমির মূল্য দেখিয়ে বা উন্নয়ন কাজের ভাউচারের মাধ্যমে ব্যয় দেখিয়ে ব্যক্তির নামে নামকরণ করা যাবে না। আবেদনপত্রের সাথে স্থায়ী আমানতের ডকুমেন্ট (এফডিআর) সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। সংস্থা পরিচালিত প্রতিষ্ঠান অথবা বিদ্যমান কোনো প্রতিষ্ঠানের সাথে শাখা/ শিক্ষাক্রম সংযোজনের ক্ষেত্রে সংস্থার/বিদ্যমান প্রতিষ্ঠানের বাৎসরিক অডিট রিপোর্ট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। বোর্ডের অনুমোদন ছাড়া সংরক্ষিত তহবিলের টাকা কোনো অবস্থাতেই উত্তোলন ও ব্যয় করা যাবে না।

(প্রকৌ. বি. এম. আমিনুল ইসলাম)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক: ৫৭.১৭.০০০০.৪০১.৬২.০০১.২৩.৫৩০/৮৮৩৯ তারিখ: ০৩-১২-২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে না'ও হতে পারে):

১. সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
[দৃ: আ: উপসচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অধ্যক্ষ/তাঁর প্রতিনিধি, দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট, দিনাজপুর।
৫. জনাব, মোঃ খোরশেদ আলম, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. চীফ ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট, দিনাজপুর।
৮. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।

(ড. ইন্দ্রানী ধর)
উপপরিদর্শক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩৫

F:\Committee_draft\Najmun_naher\New_pathdan_22\pathdan_order.doc.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫৩.২৯.০০৯.২২.১২৯

তারিখঃ ২৫ চৈত্র, ১৪৩০ / ০৮ এপ্রিল , ২০২৪

**বিষয়ঃ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার শিক্ষাক্রম এর স্থাপন ও পাঠদান এবং বিএম/বিএমটি শিক্ষাক্রমের প্রতিষ্ঠান পৃথকীকরণ এর অনুমতি প্রদান।**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার শিক্ষাক্রম এর প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদান এবং বিএম/বিএমটি শিক্ষাক্রমের প্রতিষ্ঠান পৃথকীকরণ এর নিমিত্ত নিম্নোক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ-কে বর্ণনানুসারে ও শর্তে স্থাপন, পাঠদান এবং পৃথকীকরণ এর অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো :

**০২। ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার শিক্ষাক্রমঃ**

**(ক) স্থাপন সংক্রান্তঃ**

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | অনুমোদনাবস্থা |
|---|---|---|
| ১. | বীর মুক্তিযোদ্ধা মোহা: নুর উজ জামান ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি<br>[ধামরাই, ঢাকা] | অনুমোদিত |
| ২. | আহসান জামীল পলিটেকনিক ইনস্টিটিউট<br>[সন্দ্বীপ, চট্টগ্রাম] | অনুমোদিত |
| ৩. | টিপু সুলতান কৃষি প্রযুক্তি ইনস্টিটিউট<br>[মিরপুর, কুষ্টিয়া] | অনুমোদিত |

**(খ) পাঠদান সংক্রান্তঃ**

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | অনুমোদিত টেকনোলজি/ বিষয় |
|---|---|---|
| ১. | আধুনগর পলিটেকনিক ইনস্টিটিউট<br>[লোহাগড়া, চট্টগ্রাম] | ১. ইলেকট্রিক্যাল ;<br>২. ইলেকট্রনিক্স ;<br>৩.কম্পিউটার সায়েন্স টেকনোলজি। |
| ২. | ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট<br>[বীরগঞ্জ, দিনাজপুর] | ১. কম্পিউটার সায়েন্স টেকনোলজি ;<br>২.ইলেকট্রিক্যাল টেকনোলজি। |
| ৩. | কীর্তনখোলা সার্ভে এন্ড পলিটেকনিক ইনস্টিটিউট<br>[বরিশাল সদর, বরিশাল] | ১.সিভিল ;<br>২. সার্ভেয়িং ;<br>৩. ইলেকট্রিক্যাল ;<br>৪.কম্পিউটার সায়েন্স টেকনোলজি।<br>'বরিশাল বেসরকারি সার্ভে এন্ড পলিটেকনিক ইনস্টিটিউট' এর পরিবর্তিত নাম 'কীর্তনখোলা সার্ভে এন্ড পলিটেকনিক ইনস্টিটিউট' অনুমোদিত। |
| ৪. | এ্যাক্সিস পলিটেকনিক ইনস্টিটিউট<br>[উত্তরা, ঢাকা] | ১. কম্পিউটার সায়েন্স টেকনোলজি।<br>'এ্যাপারেল ইনস্টিটিটিউট অব ফ্যাশন এন্ড টেকনোলজি' এর পরিবর্তিত নাম 'এ্যাক্সিস পলিটেকনিক ইনস্টিটিউট' অনুমোদিত। |
| ৫. | সিমেক ইনস্টিটিউট অব টেকনোলজি<br>[উত্তরা পশ্চিম, ঢাকা] | ১. কম্পিউটার সায়েন্স ;<br>২.ইলেকট্রিক্যাল টেকনোলজি। |

০৮.০৪.২০২৪

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | অনুমোদিত টেকনোলজি/ বিষয় |
|---|---|---|
| ৬. | আব্দুল খালেক পলিটেকনিক ইনস্টিটিউট<br>[মুরাদনগর, কুমিল্লা] | ১. ইলেকট্রিক্যাল ;<br>২.সিভিল টেকনোলজি। |
| ৭. | অ্যাডভোকেট ড. বশির আহমেদ সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট<br>[সদর, নোয়াখালী] | ১. কম্পিউটার সায়েন্স ;<br>২.সিভিল টেকনোলজি। |

**(গ) <u>পৃথকীকরণ</u> সংক্রান্তঃ**

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | শর্তযুক্ত অনুমোদিত বিষয় |
|---|---|---|
| ১. | শহীদুল বুলবুল কারিগরি কলেজ<br>[কামারখন্দ, সিরাজগঞ্জ] | অননুকরণীয় বিশেষ বিবেচনায় বিজনেস ম্যানেজমেন্ট/বিজনেস ম্যানেজমেন্ট টেকনোলজি শিক্ষাক্রমের প্রতিষ্ঠানটিতে বিদ্যমান শিক্ষাক্রম চালু রেখে পৃথকীকরণের মাধ্যমে কৃষি ডিপ্লোমা ও ভোকেশনাল শিক্ষাক্রমদ্বয় পরিচালনার নিমিত্ত প্রতিষ্ঠান স্থাপনের অনুমোদন নিম্নোক্ত শর্তে প্রদান করা হলো-<br>(ক) ভূমি বরাদ্দ, ভৌত অবকাঠামো নির্মাণ ও প্রস্তাবিত প্রতিষ্ঠান দু'টির নামকরণ বিদ্যমান নীতিমালা অনুসারে করতে হবে ; এবং<br>(খ) আগামী ০৩ (তিন) বছরের মধ্যে (ক)-এ বর্ণিত শর্ত প্রতিপালিত না হলে পরবর্তী স্বীকৃতি ও নবায়ন কার্যকর হবে না। |

<u>শর্তসমূহ:</u>

(ক) বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন/পাঠদান/স্বীকৃতি প্রদান সংক্রান্ত সংশ্লিষ্ট নীতিমালা-এর সকল শর্তাদি অনুসরণ করতে হবে ;

(খ) প্রতিষ্ঠান স্থাপন/পাঠদানের ক্ষেত্রে প্রতিটি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ ও ২০ (বিশ)টি কম্পিউটারসম্বলিত কম্পিউটার ল্যাব থাকতে হবে;

(গ) বর্ণিত প্রতিষ্ঠানে নিজস্ব ওয়েব সাইট খোলা নিশ্চিত করে এ বিভাগকে অবহিত করতে হবে; এবং

(ঘ) কারিগরি শিক্ষার গুণগত ও পরিমাণগত মান অতি সুনিশ্চিত করণার্থে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ মাসে অন্তত ০১ (এক) বার নিবিড় ও নিয়মিত এবং টেকসই আকস্মিক পরিদর্শনের আওতায় আনতে হবে।

০৩। উল্লিখিত শর্তসমূহ পূরণ এবং সকল বিধি-বিধান প্রতিপালনের অত্যাবশ্যক নির্দেশনায় (যা' সময়ে সময়ে এ বিভাগ নিয়মিত মনিটরিং করবে) বর্ণিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এর অনুমোদিত বিষয়াদি সংক্রান্তে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮.০৪.২০২৪

(আনিসুল ইসলাম) (১৫০১৩)
উপসচিব
টেলিফোনঃ (মুঠো) +৮৮০১৭১২১৮২১৫১ (হোয়াটসঅ্যাপসহ)
ইমেইল: dstech3@tmed.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা।

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫৩.২৯.০০৯.২২.১২৯

তারিখঃ ২৫ চৈত্র, ১৪৩০ / ০৮ এপ্রিল , ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে না-ও হতে পারে) :

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৪. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বক্‌শীবাজার, ঢাকা।
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. সচিব (উপসচিব), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়; এ পত্রাদেশটি যথাযথভাবে অবিলম্বে www.tmed.gov.bd –তে প্রকাশের/ আপলোডের অনুরোধসহ।
৯. অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. দপ্তর নথি।

০৮.০৪.২০২৪

(আনিসুল ইসলাম)
পরিচিতি নম্বর-১৫০১৩
উপসচিব

| স্মার্ট শিক্ষা স্মার্ট দেশ<br>শেখ হাসিনার বাংলাদেশ |
|---|

| একটাই লক্ষ্য<br>হতে হবে দক্ষ। |
|---|

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৪০১.৬২.২৮৬.২৪.৬৪১/৭৮৫০ তারিখ: ০৭/০৫/২০২৪ খ্রি.

বিষয়: ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, দিনাজপুর এ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৫৭.০০.০০০০.০৫৩.২৯.০০৯.২২.১২৯; তারিখ: ০৮/০৪/২০২৪ খ্রি. মোতাবেক ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, দিনাজপুর এ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ২০২৪-২৫ শিক্ষাবর্ষ হতে নিম্নে বর্ণিত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে ১ বছরের জন্য সাময়িকভাবে ১. কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি ও ২. ইলেকট্রিক্যাল টেকনোলজিতে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | টেকনোলজি ও টেকনোলজি কোড | আসন সংখ্যা (ড্রপ আউটসহ) |
|---|---|---|---|
| ১. | ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট (নিজস্ব জমি)<br>Dr. Engineer Mamunur Rashid Science And Technology Institute<br>গ্রাম/সড়ক: কৃষ্ণনগর, পো: কল্যানীহাট<br>উপজেলা/থানা: বীরগঞ্জ, জেলা: দিনাজপুর।<br>প্রতিষ্ঠান কোড: ১৩২৮৬<br>মোবাইল: ০১৭১২-৭০০৪১২<br>মৌজা: কৃষ্ণনগর, জেএল নং ১৪১<br>খতিয়ান নং ৩৬৪, দাগ নং ৬০২ | ১. কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি (৮৫) | ৫০ |
| | | ২. ইলেকট্রিক্যাল (৬৭) | ৫০ |

শর্তাবলী:

১. বোর্ডের এসআরও নং-২৬৭-আইন/২০০৯ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থপনা নিশ্চিত করতে হবে এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা: ৪/১০ এম-৫০/৮৩/৫৬০(১৫০০০) শিক্ষা তারিখ: ১০ জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি 'নির্দেশিকা' অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং বইতে হিসাব সংরক্ষণ করতে হবে।

২. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ (এসআরও নং ২৬৭-আইন/২০০৯) অনুসরণ পূর্বক পাঠদান প্রাপ্তির তারিখ হতে ০৩ (তিন) মাসের মধ্যে একটি সাংগঠনিক কমিটি গঠন পূর্বক বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে।

৩. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শিম/শা:-৩/১জি-০৭/২০১০(অংশ)/৪১৪/১, ৯ নভেম্বর ২০১১ তারিখে অনুষ্ঠিত সভার ৩ (গ) সিদ্ধান্ত মোতাবেক প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক-কর্মচারিদের বেতন ভাতা প্রদান করতে হবে এবং এমপিও দাবী করা যাবে না।

৪. প্রতিষ্ঠান পাঠদান অনুমোদন পাওয়ার ০১ (এক) মাসের মধ্যে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১ নং সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫ থেকে EIIN নম্বর সংগ্রহ করে বোর্ডকে অবহিত করতে হবে। অন্যথায় শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রদান করা হবে না।

৫. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের (শিক্ষক-কর্মচারি) চাকুরি প্রবিধানমালা, ১৯৯৬ (এসআরও নং-৫৪-আইন/৯৬) এর প্রবিধান অনুযায়ী বোর্ড কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষক-কর্মচারি দুই মাসের মধ্যে নিয়োগ করতে হবে এবং নিয়োগকৃত শিক্ষক-কর্মচারিদের তালিকা বোর্ডে জমা দিতে হবে।

৬. প্রত্যেক অর্থ বছরের শেষে প্রতিষ্ঠানের জমা-খরচের হিসাব রেজিষ্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

৭. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত/পরিমার্জিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও পাঠ্যসূচি অনুযায়ী এতদসংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। শিক্ষাক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও অন্যান্য সুযোগ সুবিধা সর্বদা সচল ও বহাল রাখতে হবে। শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়নের জন্য গ্রন্থাগারে শিক্ষাক্রম সংশ্লিষ্ট পর্যাপ্ত বইয়ের ব্যবস্থাকরত গ্রন্থাগার ব্যবহারের সুযোগ সৃষ্টি করতে হবে।

৮. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬, (এসআরও নং-৫২-আইন/৯৬) এর বিধান অনুসরণ করতে হবে।

**৯. প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২০ অনুসরণ করতে হবে।**

১০. পাঠদানের অনুমতি নবায়নের ক্ষেত্রে প্রতিষ্ঠানের বিদ্যমান শিক্ষার্থী, ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারি নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলি পূরণ সাপেক্ষে পাঠদানের অনুমতির মেয়াদ পরবর্তী ০১ (এক) বছরের জন্য বৃদ্ধি করা হবে।

১১. বোর্ড নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠানের ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারি নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, লাইব্রেরি পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলি পূরণে ব্যর্থ হলে প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি বাতিল

করা হবে। পাঠাদানের নবায়ন সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানকে ধারাবাহিকভাবে ০৩ (তিন) ব্যাচ ৮ম পর্ব চুড়ান্ত পরীক্ষায় অংশগ্রহন করলে স্বীকৃতির জন্য আবশ্যিকভাবে আবেদন করতে হবে।

১২. স্বীকৃতি প্রাপ্তির ক্ষেত্রে পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকে ন্যূনতম ধারাবাহিকভাবে ০৩ (তিন) ব্যাচ ৮ম পর্ব চুড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ৮ম পর্ব পরীক্ষায় বিদ্যমান আসনের ৬০% পরীক্ষার্থী অংশ গ্রহণ করে আসনের ৪০% উত্তীর্ণ হতে হবে এবং প্রতিষ্ঠানের বিদ্যমান নিজস্ব অবকাঠামো, জনবল কাঠামো অনুসারে পূর্ণকালীন ন্যূনতম ৫০% শিক্ষক-কর্মচারি নিয়োগ প্রদান, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলি পূরণ থাকতে হবে।

**১৩. টেকনোলজি সংযোজন/ব্যচ বৃদ্ধির ক্ষেত্রে প্রতিষ্ঠানের বিদ্যমান আসনের ৭৫% পরীক্ষার্থী সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহন করে আসনের ৫০% উত্তীর্ণ হলে টেকনোলজি সংযোজন/ব্যচ বৃদ্ধির নিমিত্ত আবেদনের জন্য প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত হবে। সেক্ষেত্রে বিদ্যমান অবকাঠামো/শিক্ষক ও ক্লাস রুম বৃদ্ধি করতে হবে।**

১৪. পাঠদানের অনুমতি/অ্যাফিলিয়েশন প্রাপ্তির পর শিক্ষার্থী ভর্তির পূর্বে বোর্ডের নির্ধারিত অ্যাফিলিয়েশন ফি জমা দিতে হবে।

১৫. বোর্ড প্রণীত ভর্তি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা করতে হবে এবং সংশ্লিষ্ট শিক্ষাক্রমের নির্ধারিত শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করতে হবে।

১৬. এ শিক্ষাক্রমের আওতায় ভর্তিকৃত শিক্ষার্থীদের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম প্রবিধান-২০২২ অনুসরণ করতে হবে।

১৭. বোর্ডের অনুমোদন ছাড়া প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলের ১০ (দশ) লক্ষ টাকা কোন অবস্থাতেই উত্তোলন ও ব্যয় করা যাবে না। বিনিয়োগকৃত আমানতের লভ্যাংশ প্রতিষ্ঠানের উন্নয়ন কাজে ব্যয় করা যাবে।

**১৮. ইন্টারনেট সংযোগসহ ২০ টি কম্পিউটার সম্বলিত ল্যাব এবং অনুমোদিত টেকনোলজির সুসজ্জিত ল্যাব সর্বদা থাকতে হবে।**

১৯. যে জমির উপর প্রতিষ্ঠান অবস্থিত প্রতিষ্ঠানের নামে সেই জমির রেজিষ্ট্রি দলিল ও নামজারির রেকর্ডপত্র এবং উক্ত জমির উপরে নির্মিত প্রতিষ্ঠানের নিজস্ব ভবন, অবকাঠামো সংক্রান্ত দলিলাদি ও ভাড়া বাড়ির ক্ষেত্রে বাড়ি ভাড়া চুক্তিনামাসহ অন্যান্য যে সমস্ত তথ্য সম্বলিত কাগজপত্র ইতিমধ্যে বোর্ডে জমা দেওয়া হয়েছে অথবা জমা হয়েছে পরবর্তীতে সেগুলো সঠিক প্রমানিত না হলে এক্ষেত্রে যে কোন প্রকার প্রতারনার আশ্রয় নিলে এবং উল্লেখিত যে কোন শর্ত/শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এস,আর,ও, নং৫২-আইন/৯৬ এর প্রজ্ঞাপনের ধারা ১০ অনুসারে পাঠদানের অনুমতি বাতিল বলে গণ্য হবে।

অধ্যক্ষ
ড. প্রকৌশলী মামুনুর রশিদ সায়েন্স এন্ড টেকনোলজি ইনস্টিটিউট
গ্রাম/সড়ক: কৃষ্ণনগর, পো: কল্যানীহাট
উপজেলা/থানা: বীরগঞ্জ, জেলা: দিনাজপুর।
প্রতিষ্ঠান কোড: ১৩২৮৬

০৭.০৫.২৪
(প্রকৌ. বি. এম. আমিনুল ইসলাম)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৪০১.৬২.২৮৬.২৪.৬৪১/৭৬৫০ তারিখ: ০৭/০৫/২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে না'ও হতে পারে)

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
[দৃ: আ: উপসচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, পশ্চিম আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), শিক্ষা মন্ত্রণালয়, ১ জহির রায়হান রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা।
৪. জেলা প্রশাসক, দিনাজপুর।
৫. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বাস্তবায়নের অনুরোধসহ)।
৯. উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বাস্তবায়নের অনুরোধসহ)।
১০. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বাস্তবায়নের অনুরোধসহ)।
১১. কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বাস্তবায়নের অনুরোধসহ)।
১২. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বাস্তবায়নের অনুরোধসহ)।
১৩. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বাস্তবায়নের অনুরোধসহ)।
১৪. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. অফিস কপি।

০৭.০৫.২৪
(ড. ইন্দ্রানী ধর)
উপপরিদর্শক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩৫

F:\Committee_draft\Najmun_naher\Final_note&order\pathdan-dip\Order_tmed_555.doc